দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 FEB 1998

পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ......

৭১

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান কল্যাণ ট্রাষ্টের কার্যক্রম শুরু

প্রায় ৫০ কোটি টাকার তহবিল লইয়া বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাষ্ট গত বুধবার হইতে আনুষ্ঠানিকভাবে উহার কার্যক্রম শুরু করিয়াছে। (৫ম পৃ: দ্র:)

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান

(৩য় পৃ: পর)

শিক্ষা মন্ত্রী এ এস এইচ কে সাদেক শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে ট্রাষ্টের কর্মসূচী উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন শিক্ষা সচিব ও ট্রাষ্টের চেয়ারম্যান কাজী রকিব উদ্দীন আহমদ এবং ট্রাষ্টের সদস্য সচিব কাজী ফারুক আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, সরকারী-বেসরকারী স্কুল ও কলেজের শিক্ষকদের জবাবদিহিতার পাশাপাশি তাহাদের মর্যাদাপূর্ণ জীবন যাপনের নিশ্চয়তা বিধানে দৃঢ় প্রতিজ্ঞ।

বেসরকারী স্কুল-কলেজের প্রায় তিন লক্ষ শিক্ষক-কর্মচারী এই কল্যাণ ট্রাষ্ট দ্বারা সরাসরি উপকৃত হইবেন বলিয়া শিক্ষা মন্ত্রী আশা প্রকাশ করিয়া বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরতদের অবসর গ্রহণ ও আপৎকালীন সময়েও ট্রাষ্ট তাহাদের সহায়তা প্রদান করিবে।

—তথ্য বিবরণী